

**একই তারিখের স্মারকে প্রতিস্থাপিত পত্র**  
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
 স্থানীয় সরকার বিভাগ  
 মনিটরিং-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
 শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৯৯.০১৩.০১.০১.০০৪.২০১১-৯৯৭


তারিখঃ ০২ অগ্রহায়ন ১৪২৪ বঙ্গাব্দ  
 ১৬ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার, সাবেক পরিসংখ্যান সহকারী (বরখাস্তকৃত), স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুরকে হালনাগাদ পর্যন্ত আর্থিক সুবিধাদি প্রদান সংক্রান্ত।**

সূত্রঃ জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর নং-০৫.৫৫.২৭০০.০০৯.০৪.০০৬.১৭.১১৬, তাং-১২/০২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১৯৯১ সালে জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার এর বিরুদ্ধে চেক জালিয়াতির কারণে দিনাজপুর কোতয়ালী থানায় ৪টি মামলা হয়। এ ৪টি মামলায় দোষী সাব্যস্ত হওয়ায় তাকে বিভিন্ন মেয়াদে সাজা ও আর্থিক জরিমানা করা হয় এবং তাকে চাকরি থেকে বরখাস্ত করা হয়। পরবর্তীতে উক্ত ৪টি মামলা হতে মাননীয় হাইকোর্ট বিভাগের রায়ে জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার বেকসুর খালাসপ্রাপ্ত হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে গণ-কর্মচারী (সাজা প্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ এর ৩(৩) ধারার বিধানমতে সসম্মানে অব্যাহতি লাভ করেছেন। তাই তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদিসহ চাকরিকালীন আর্থিক সুবিধাদি পেতে অধিকারী।

এমতাবস্থায়, জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার, সাবেক পরিসংখ্যান সহকারী, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুরকে বিধি মোতাবেক তার বকেয়া বেতন ভাতাদিসহ চাকরিকালীন আর্থিক সুবিধাদি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
 ২৬/১১/২০১৭  
 (ড. গোলাম মোঃ ফারুক)  
 উপসচিব  
 ফোন : ৯৫১৪৬১১  
 e-mail: mon1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
 দিনাজপুর।

**অনুলিপিঃ**

- ১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর জেলা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
- ৪। জনাব মোঃ মোজাহারুল ইসলাম সরকার, সাবেক পরিসংখ্যান সহকারী, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।